

# কালের বর্ধ

০৭/০৪/২০১৫

## ৪১ হাজার শ্রমিককে প্রশিক্ষণ দেবে বিকেএমইএ

নিজস্ব প্রতিবেদক ▷

পোশাক শিল্পের দক্ষ জনশক্তির চাহিদা পূরণে অদক্ষ জনশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে কাজ করার উপযোগী করে তুলবে বাংলাদেশ নিট ম্যানুফ্যাকচার অ্যান্ড এক্সপোর্টার অ্যাসোসিয়েশন (বিকেএমইএ)। এটি করা হবে পিপিপি কর্মসূচির আওতায় ক্লিস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) প্রকল্প বাস্তবায়নে অর্থায়ন করবে।

গত রবিবার বিকেলে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বিকেএমইএ এবং অর্থ মন্ত্রণালয়ের মধ্যে এ নিয়ে একটি চুক্তি স্বাক্ষর হয়। এতে বিকেএমইএর পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সংগঠনের প্রধান নির্বাহী কর্মকর্তা সুলভ চৌধুরী এবং অর্থ মন্ত্রণালয়ের পক্ষে অতিরিক্ত সচিব জালাল আহমেদ।

চুক্তির স্বাক্ষরের পর জানানো হয়, এই প্রকল্প বাস্তবায়নে প্রাথমিকভাবে আগামী তিন বছরের ব্যয় ৮০ কোটি টাকা। এই টাকা এডিবির মাধ্যমে অর্থ মন্ত্রণালয় ৮৯ শতাংশ এবং বিকেএমইএ নিজস্ব তহবিল হতে ১১ শতাংশ বহন করবে।

প্রকল্পটির আওতায় বিকেএমইএ আগামী ৩ বছরে একযোগে ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা ও চট্টগ্রামে মোট ৬টি প্রশিক্ষণ কেন্দ্রে ৪১ হাজার ৩১০ জনকে প্রশিক্ষণ প্রদান করবে এবং তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিকেএমইএর প্রথম সহসভাপতি এ এইচ আসলাম সানি, ক্লিস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রকল্প সমন্বয়ক এবং অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জালাল আহমেদসহ মন্ত্রণালয় ও বিকেএমইএ সদস্যরা উপস্থিত ছিলেন।